



জাপানে উচ্চশিক্ষা বিষয়ে সেমিনার ইস্টার্ন ইউনিভার্সিটিতে

প্রকাশিত: ২২ - জুন, ২০১৯ ১২:০০ এ. এম.

জাপানে উচ্চশিক্ষা বিষয়ে এক সেমিনার গত বুধবার রাজধানীর ধানমন্ডিতে অবস্থিত ইস্টার্ন ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সহিদ আকতার হসাইন এ সেমিনার উদ্বোধন করেন।

সম্প্রতি বিদেশী শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষার দ্বার উন্মোচন করে দিয়েছে বিশ্বের অন্যতম বৃহৎ অর্থনৈতিক শক্তি জাপান। বিশ্বের বিভিন্ন প্রান্তের বিপুলসংখ্যক শিক্ষার্থীকে আকৃষ্ট করতে তারা নানা সুযোগ সুবিধা দিচ্ছে। এসব বিষয় নিয়ে অনুষ্ঠানে মূল আলোচনায় অংশ নেন ইস্টার্ন ইউনিভার্সিটির ইন্টারন্যাশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর ডিরেক্টর অধ্যাপক ড. মোঃ আশরাফ হোসেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাপানের কোবে ইনসিটিউট অব কম্পিউটিংয়ের বাংলাদেশ অফিসের প্রধান রিজওয়ানুল হক চৌধুরী। স্বাগত বক্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবুল বাসার খান। সমাপনী বক্তৃত্ব দেন ক্যারিয়ার সার্ভিস এ্যান্ড ইস্টারন্যাশনাল অফিসের ডিরেক্টর সালমান হায়দার। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটেন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)

Developed By
Bikiran.Com